



নং: ৩৩.০৭.০০০০.০০১.১১.০৫৩.৯৫-৯৬৪

তারিখঃ ১৮ অগ্রহায়ণ ১৪২৭/ ০৬ ডিসেম্বর ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের ছাড়পত্র সংখ্যা ৩৩.০৭.০০০০.১২৮.০১২.০০৪.১৭-১৯৭ এবং ২২ নভেম্বর ২০২০ তারিখের ছাড়পত্র সংখ্যা ৩৩.০৭.০০০০.১২৮.০১২.০০৮.১৯-২৫১ মোতাবেক মেরিন ফিশারিজ একাডেমির অধীনে নিম্নে বর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত ফর্মে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ	পদের নাম	বেতন স্কেল/গ্রেড (জাঃবেঃস্কেঃ ২০১৫)	পদের সংখ্যা ও ধরন	যোগ্যতা	কোটার কারণে যে সকল বিভাগের বাসিন্দাদের আবেদন করার সুযোগ নাই
১।	বোট ইঞ্জিন ড্রাইভার	টাকা: ৯৩০০-২২৪৯০ গ্রেড:১৬	০১ (এক)টি রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) যে কোন শিপিং ভেসেল গ্রীজার এ অন্যন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	ময়মনসিংহ, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগের অধিবাসীরা।
২।	অফিস সহায়ক	টাকা: ৮২৫০-২০০১০ গ্রেড:২০	০১ (এক)টি রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ময়মনসিংহ, চট্টগ্রাম ও বরিশাল বিভাগের অধিবাসীরা।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। প্রার্থী যদি কোন বিদেশি নাগরিকের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন অথবা কোন বিদেশি নাগরিককে বিবাহের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য বিবেচিত হবেন।
- ৩। প্রার্থীর বয়স ৩১/১২/২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। এ ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৪। আবেদন ফর্ম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd এবং মেরিন ফিশারিজ একাডেমির ওয়েবসাইট www.mfacademy.gov.bd এর Recruitment লিংক হতে download করে সংগ্রহ করা যাবে।
- ৫। আবেদনপত্র আগামী ৩১/১২/২০২০ তারিখের মধ্যে, অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম-৪০০০ বরাবরে হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে পৌঁছাতে হবে।
- ৬। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।
- ৭। বোট ইঞ্জিন ড্রাইভার পদে নিয়োগ পরিক্ষার ফি বাবদ ১০০/- (একশত টাকা) এবং অফিস সহায়ক পদে নিয়োগ পরিক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ট্রেজারী চালানোর মাধ্যমে ১৪৪৩২০০০১২০৩১ কোডে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে চালানোর মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৮। নিয়োগ পরিক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত
অধ্যক্ষ